৭৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.১৮.০০১.২৩-১৯৭ তারিখঃ ২৫ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ / ১০ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

## পরিপত্র

কারিগরি শিক্ষায় গতিশীলতা আনয়ন এবং সেবার মান উন্নয়নের লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীন আঞ্চলিক পরিচালকদের নিম্নরূপভাবে প্রশাসনিক ক্ষমতা / দায়িত্বাবলী অর্পণ করা হলোঃ

০১. শিক্ষার গুণগতমান উন্নয়নে স্ব-স্ব অধিক্ষেত্রের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষগণের সাথে ত্রৈ -মাসিক সমন্বয় সভা আহবান।

০২. অধিক্ষেত্রের আওতাধীন সরকারি পলিটেকনিক / মনোটেকনিক ইনস্টিটিউট, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে কর্মরত ১১তম হতে ২০তম বেতন গ্রেডভুক্ত কর্মচারী এবং আঞ্চলিক পরিচালকের কার্যালয়ের ৬ষ্ঠ থেকে ২০তম বেতন গ্রেডের কর্মকর্তা / কর্মচারীগণের অর্জিত ছুটি, মাতৃত্বকালীন ছুটি, শ্রান্তিবিনোদন ভাতাসহ ছুটি ( বহি: বাংলাদেশ ব্যতীত) মঞ্জুর ।

০৩. অধিক্ষেত্রের আওতাধীন সরকারি পলিটেকনিক / মনোটেকনিক ইনস্টিটিউট, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে কর্মরত ১১তম হতে ২০তম বেতন গ্রেডভুক্ত কর্মচারী এবং আঞ্চলিক পরিচালকের কার্যালয়ের ৬ষ্ঠ থেকে ২০তম বেতন গ্রেডের কর্মকর্তা / কর্মচারীগণের সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম মঞ্জুর ।

০৪. অধিক্ষেত্রের আওতাধীন পলিটেকনিক / মনোটেকনিক ইনস্টিটিউট, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে কর্মরত ১১তম হতে ২০তম বেতন গ্রেডভুক্ত কর্মচারী এবং আঞ্চলিক পরিচালকের কার্যালয়ের ৬ষ্ঠ থেকে ২০তম বেতন গ্রেডের কর্মকর্তা / কর্মচারীগণের পাসপোর্ট ইস্যু ও নবায়নে অনাপত্তি প্রদান ।

০৫. বেসরকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান / শিক্ষকগণের এমপিওভুক্তির প্রস্তাব যাচাই করে কারিগরি শিক্ষা অধিদপ্তরে অগ্রায়ন।

০৬. বেসরকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন / পাঠদান / নবায়ন / স্বীকৃতি / আসন বৃদ্ধি ইত্যাদি সংক্রান্ত প্রস্তাব কারিগরি শিক্ষা বোর্ডে অগ্রায়ন ।

০৭. কারিগরি শিক্ষা বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের মাধ্যমে পাবলিক পরীক্ষার খাতা ও পরীক্ষা গ্রহণের প্রয়োজনীয় কাগজপত্র বিতরণ কার্যক্রম সমন্বয় সাধন ও মনিটরিং।

০৮. আওতাধীন সকল কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক, প্রশাসনিক, আর্থিক, শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম তদারকি ও বাস্তবায়নে প্রতিষ্ঠান প্রধানদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

০৯. আঞ্চলিক পরিচালকের কার্যালয়ের কর্মকর্তাদের পরিদর্শন প্রতিবেদনের উপর ব্যবস্থা গ্রহণ। পরিদর্শক, সহকারী পরিচালক, সহকারী পরিদর্শকের পরিদর্শনসূচী সমন্বয়সাধন এবং অনুমোদন। ত্রৈমাসিক পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহীত ব্যবস্থার সারসংক্ষেপ কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণসহ নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ।

১০. আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন। আঞ্চলিক পরিচালকের কার্যালয়ের ক্রয়কার্য সম্পাদন,মেরামত, সংস্কার, রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন কার্য বাস্তবায়ন। আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা / কর্মচারীদের ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা বিল অনুমোদন।

১১. কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে প্রেরিত অভিযোগ/সরাসরি প্রাপ্ত অভিযোগের তদন্তকার্য সম্পন্ন করে ব্যবস্থা গ্রহণ / সুপারিশ / মতামতসহ অধিদপ্তরে প্রেরণ।

১২. আঞ্চলিক পরিচালকের কার্যালয়ের ৬ষ্ঠ থেকে ১৬ তম বেতন গ্রেডভুক্ত কর্মকর্তা / কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষর ( যেক্ষেত্রে যা প্রযোজ্য), নিজ অধিক্ষেত্রাধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান সমূহের অধ্যক্ষ কর্তৃক অনুস্বাক্ষরকৃত বার্ষিক গোপনীয় অনুবেদন প্রতিস্বাক্ষর।

১৩. উর্ধ্বতন কতৃর্পক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত/অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

০২। এক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ অনুসরণ করতে হবেঃ

(ক) পরিপত্রে উল্লিখিত ছুটির আবেদন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে আঞ্চলিক পরিচালক বরাবর প্রেরণ করতে হবে।

(খ) জারিকৃত পত্রাদির অনুলিপি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ও কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে।

(গ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান / শিক্ষক / কর্মচারীগণের এমপিও ভুক্তির প্রস্তাব জেলা শিক্ষা অফিসারের পরিবর্তে আঞ্চলিক পরিচালকের মাধ্যমে কারিগরি শিক্ষা অধিদপ্তরে অগ্রায়নের জন্য মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রয়োজনীয় নির্দেশনা জারি করতে হবে।

(ঘ) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে দায়িত্ব পালনের জন্য কর্মকর্তা / কর্মচারী নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১০/১০/২০২৩

মোঃ কামাল হোসেন
সিনিয়র সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.১৮.০০১.২৩-১৭৭

তারিখঃ ২৫ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ / ১০ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
০২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গালর্স গাইড হাউজ, বেইলী রোড, ঢাকা
০৪। যুগ্মসচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
০৫। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য]
০৬। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা
০৭। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা
০৮। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য]
০৯। পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর
১০। অধ্যক্ষ (সকল), ইঞ্জিনিয়ারিং কলেজ, কারিগরি শিক্ষা অধিদপ্তর
১১। অধ্যক্ষ (সকল), পলিটেকনিক / মনোটেকনিক ইনস্টিটিউট, কারিগরি শিক্ষা অধিদপ্তর
১২। অধ্যক্ষ (সকল), টেকনিক্যাল স্কুল ও কলেজ, কারিগরি শিক্ষা অধিদপ্তর
১৩। চিফ অ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ৪৫, পুরানা পল্টন, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৪। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)
১৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৬। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা [এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
১৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (ঢাকা / চট্ট্রগ্রাম / বরিশাল / সিলেট / রংপুর / ময়মনসিংহ / খুলনা / রাজশাহী)
১৮। অফিস কপি।

১০/১০/২০২৩

(মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার)
উপসচিব
ফোনঃ ০২-৫৫১০১০৮৯
ই-মেইলঃ sastec1@tmed.gov.bd